

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন পরিদপ্তর
'হক চেম্বার' (৬-৭ তলা)
৩নং ডি.আই.টি, এক্সটেনশন এ্যাভিনিউ
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং- নিপ/৩-আই-৩৬/৬২-৯১/বিবিধ/

তারিখঃ ১৮-০৭-২০০১ইং

বরাবরঃ- জেলা রেজিস্ট্রার,-----

বিষয়ঃ স্থায়ী রেকর্ড (টি,আই, রেজিস্ট্রার, বালাম ইত্যাদি) দুর্নীতি দমন অফিসে হস্তান্তর/ সীজ করণের রিকুইজিশন প্রসঙ্গে।

সূত্রঃ তাহার ১৮-০৬-২০০১ ইং তারিখের ১৪৭ নং স্মারক।

উপরোক্ত বিষয়ে প্রাপ্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাইতেছে যে, তদন্তের স্বার্থে কোন বিশেষ পরীক্ষা নিরীক্ষার প্রয়োজনে তলবকৃত হইলে রেজিস্ট্রার অফিসের দায়িত্বশীল কর্মচারী কর্তৃক যথাস্থানে উপস্থাপনের পর পুনরায় ফেরৎ নিয়া আসার বিধান রহিয়াছে। এমনকি জন্মকৃত রেকর্ডপত্রাদিও সংশ্লিষ্ট অফিসের রেজিস্ট্রার কর্মকর্তার তত্ত্বাবধানে রাখাই বিধি সংগত। তবে যতবার উপযুক্ত কর্তৃপক্ষ (জেলা দুর্নীতি দমন-কর্মকর্তার নীচে নহে) রেকর্ডপত্র তলব করিবেন ততবারই সংশ্লিষ্ট রেকর্ডপত্র প্রয়োজন মোতাবেক উপস্থাপনে রেজিস্ট্রার কর্মকর্তা দায়বদ্ধ।

সকল সাব-রেজিস্ট্রারকে বিষয়টি অবহিত করণের নির্দেশ প্রদান করা হইল।

স্বাঃ অস্পষ্ট
(টি,আই,এম, নূরুন নবী চৌধুরী)
মহা-পরিদর্শক, নিবন্ধন,
বাংলাদেশ।